

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 24-03-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Bye-Election :

ধৰ্মনগর বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের মনোনয়নপত্রগুলি আজ স্কুটিনী করা হবে। গতকাল মনোনয়নপত্র দাখিলের প্রক্রিয়া শেষ হয়েছে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন আগামী ২৬শে মার্চ। এই উপ-নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতার জন্য মোট ৬ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। ভোট গ্রহণ ৯ই এপ্রিল।

Assembly-Adjournment :

ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার নবম অধিবেশন গতকাল শেষ হয়েছে। শেষদিনের অধিবেশনে দ্বিতীয়ার্ধে ২০২৬-২৭ অর্থবছরের জন্য ৩৪২১২ কোটি ৩১ লক্ষ টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব গৃহীত হয়েছে। এর আগে বিরোধী দলের সদস্যদের আনা ছাঁটাই প্রস্তাবগুলি ধ্বনি ভোটে বাতিল হয়ে যায়। বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া সমস্ত কর্মসূচির শেষে বিধানসভার অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মূলতবি ঘোষণা করেন।

World Tuberculosis Day-President :

আজ বিশ্ব যক্ষ্মা দিবস। এর প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, যক্ষ্মা জনস্বাস্থ্য চ্যালেঞ্জ তৈরি করে চলেছে, সারা বিশ্বে লক্ষ লক্ষ মানুষকে প্রভাবিত করছে। তিনি এক বার্তায় সব অংশীদারকে যক্ষ্মা চিরতরে শেষ করার জন্য সম্মিলিত সংকল্প নিয়ে কাজ করার আহ্বান জানিয়েছেন।

PM-Lokshabha :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লোকসভায় পশ্চিম এশিয়ায় উদ্ভূত সংঘাত পরিস্থিতি নিয়ে বক্তব্য রাখতে গিয়ে বলেন, ভারত সর্বদাই মানবতা ও শান্তির পক্ষে। তিনি বলেন, এই পরিস্থিতিতে "ভারতের ভূমিকা সুস্পষ্ট। ভারত একেবারে শুরু থেকেই এই সংঘাত নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। অবিলম্বে এই সংঘাতের অবসান ঘটাতে ভারত পশ্চিম এশিয়ার সংশ্লিষ্ট সমস্ত নেতৃবৃন্দের কাছে আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, এই সমস্যার একমাত্র সমাধান হলো সংলাপ ও কূটনীতি। প্রধানমন্ত্রী এই উদ্ভূত পরিস্থিতিতে রাজ্য সরকারগুলির কাছে আবেদন জানিয়ে বলেছেন, এমন সময়ে কালোবাজারি ও মজুতদারি বেড়ে যাওয়ার প্রবণতা থাকে। এই ধরনের কার্যকলাপের দ্রুত তদন্ত করে কঠোর ব্যবস্থা নেবার জন্য প্রধানমন্ত্রী রাজ্য সরকারগুলিকে পরামর্শ দিয়েছেন।

#####Byte-PM#####

Assembly-Cab Booking :

পরিবহণ মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন খুব শীঘ্রই আগরতলার মহারাজা বীরবিক্রম বিমানবন্দর এবং আগরতলা রেলস্টেশনে অনলাইন ক্যাব বুকিং পরিষেবা চালু করা হবে। বিষয়টি পর্যালোচনা করার লক্ষ্যে পরিবহণ সচিব, রাজ্য পুলিশের আইজি (আইন শৃঙ্খলা), ট্রাফিক এসপি সহ অন্যান্য সংশ্লিষ্ট আধিকারিকদের নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। গতকাল বিধানসভায় মুখ্য সচিব কল্যাণী সাহা রায়ের উত্থাপিত একটি বেসরকারি প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে তিনি একথা বলেন।

NF Railway :

আজ থেকে আগরতলা-নারিঙ্গী মध्ये এক্সপ্রেস ট্রেন নিয়মিতভাবে চলাচল শুরু হবে। আজ রাত সাড়ে ৯টায় ট্রেনটি ছেড়ে গুয়াহাটি কাছে নারিঙ্গী রেল স্টেশনে পৌঁছবে আগামীকাল বেলা সাড়ে ১২টায়। ট্রেনটি আগরতলার পর ত্রিপুরার আমবাসা, কুমারঘাট, ধর্মনগরে থামবে।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

My Bharat-Shaheed Padyatra :

ভারত সরকারের মাই ভারত এর উদ্যোগে ও পুষ্পরাজ ক্লাব এর সহযোগিতায় কৈলাশহরে শহীদ পদযাত্রা কর্মসূচি অনুষ্ঠিত হয়। স্বাধীনতা সংগ্রামী ভগৎ সিং, রাজগুরু ও সুখদেব এর স্মরণে এই শহীদ পদযাত্রা কর্মসূচিতে সমাজের নানা অংশের নাগরিকরা অংশ নেন।

Vande Mataram-Khowai :

বন্দেমাতরম সংগীতের ১৫০ বছর পূর্তি উপলক্ষে গতকাল খোয়াই দশরথ দেব মেমোরিয়াল কলেজে খোয়াই জেলাভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা

হয়। অনুষ্ঠানে বন্দেমাতরম রাষ্ট্রীয় সংগীতের গুরুত্ব এবং তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ ডঃ নির্মল ভদ্র।

Blood Donation :

শহীদ ভগৎ সিং-র শহীদান দিবস উপলক্ষে গতকাল বিলোনিয়ার ভারতচন্দ্র নগরে DYFI'র উদ্যোগে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

Weather

আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রির কাছাকাছি।
